

■ Lead বা Intro বলতে কী বোঝায়? বিভিন্ন প্রকারের Lead ও Intro সম্পর্কে আলোচনা কর।

(What do you understand by lead or Intro? Discuss the different types of lead or intro used in the Newspaper.)

উত্তরঃ একটি সংবাদ প্রতিবেদনের প্রথম স্তবককে লীড বা ইন্ট্রো বলা হয়। দুই-তিনটি পংক্তির পরিসরে সমগ্র প্রতিবেদনের সংক্ষিপ্তসার lead-এ দেওয়া হয়। ইংলন্ডে বা lead আমেরিকায় তা intro নামে পরিচিত।

একটি সংবাদ বা News Story রচনা করার সময় একজন প্রতিবেদককে যথোপযুক্ত লীড নির্বাচন করার জন্য সতর্ক থাকতে হয়। একটি উপযুক্ত লীড সংবাদপত্রের পাঠককে একটি প্রতিবেদন পাঠ করতে আকর্ষিত করে এবং সম্পূর্ণ প্রতিবেদনটি পাঠ করা পর্যন্ত উৎসাহ বজায় রাখে। একটি আদর্শ লীড-এ সম্পূর্ণ সংবাদ প্রতিবেদনটির সংক্ষিপ্তসার থাকা প্রয়োজন। একটি লীড এমন হওয়া উচিত, যাতে প্রতিবেদনটিতে আলোচিত তথ্যাবলী সম্পর্কে পাঠক একটি স্বচ্ছ ধারণা লাভ করতে পারে।

সংবাদপত্র প্রতিবেদন রচনায় একজন প্রতিবেদককে উপযুক্ত লীড নির্বাচনের সময় বিভিন্ন ধরনের লীড-এর থেকে সঠিকটিকে বেছে নিতে হয়। নিম্নে প্রচলিত বিভিন্ন প্রকার লীডগুলি আলোচনা করা হল :

(1) **Staccato Lead** : যে লীডে পর পর ঘটে যাওয়া ঘটনাকে তুলে ধরা হয় তাকে **Staccato Lead** বলে। এ ধরনের লীড-এর মাধ্যমে দীর্ঘ সময় বা দীর্ঘ দিন ধরে সংগঠিত ঘটনাবলী বর্ণনা করা হয়। এই ধরনের লীড-এ প্রচুর যতি চিহ্নের ব্যবহার করা হয়।

(2) **Descriptive Lead** বা বর্ণনাত্মক লীড : এই ধরনের লীড-এর ক্ষেত্রে মূল সম্পদ ছাড়াও মানুষের আবেগ, উৎসাহ ইত্যাদিকে তুলে ধরা হয়। কোনো বড়ো উৎসব, ক্রীড়া, অনুষ্ঠান, মেলা ইত্যাদির প্রতিবেদন রচনা করার সময় এই ধরনের লীড ব্যবহার করা হয়।

(3) **Ornamental Lead** বা আলঙ্কারিক লীড : প্রতিবেদকের ব্যক্তিগত আবেগ অনুভূতি প্রতিবেদনের মধ্যে প্রকাশ পায়। সমাসৌক্তি, অনুপ্রাস, রূপক, যমক, সাহিত্য আলঙ্কারের ব্যবহারে এই ধরনের লীড আকর্ষণীয়ভাবে পাঠকের কাছে তুলে ধরা হয়।

(4) **Quotational Lead** বা উক্তিমূলক লীড : অনেক সময় প্রতিবেদক তার প্রতিবেদনকে স্পষ্টতরভাবে বিশ্বাসযোগ্য করে পাঠকের সামনে তুলে ধরার জন্য বক্তার মুখের কথা উদ্ধৃতি চিহ্নের সাহায্যে সরাসরি প্রতিবেদনে ব্যবহার করেন। এক্ষেত্রে প্রতিবেদনের দ্ব্যর্থবোধকতা বর্জন করা সম্ভব হয়। বিশেষ গুরুত্বপূর্ণ রাজনৈতিক নেতা বা ব্যক্তি সম্পর্কিত প্রতিবেদনে এই ধরনের লীড ব্যবহার করা হয়।

(5) **Parody Lead** বা ব্যঙ্গাত্মক লীড : ইদানীং বিভিন্ন সংবাদপত্রে জনপ্রিয় হিন্দীগান, সিনেমার নায়কের মুখে শোনা কোনো উক্তি ব্যঙ্গাত্মকভাবে উদাহরণ হিসেবে ব্যবহার করা হয়। সাধারণত কোনো ব্যক্তি বা ঘটনাকে হাস্যকরভাবে পাঠকের কাছে উপস্থাপন করার জন্যই এ ধরনের লীড ব্যবহার করা হয়।

(6) **Dialogue Lead** বা কথোপকথন : অনেক সময় সংবাদ প্রতিবেদনের শুরুতে কোনো বিষয় নিয়ে একাধিক মানুষের মধ্যে আলোচনা সরাসরি তুলে ধরা হয়, একে Dialogue লীড বলে। জনস্বার্থ সম্পর্কিত প্রতিবেদন, বিচারালয় সম্পর্কিত প্রতিবেদন, সংসদ ভবনের বিতর্ক বিষয়ক প্রতিবেদনে এই ধরনের লীড ব্যবহার করা হয়।

Punch Lead বা Blind Lead : অনেক সময় প্রতিবেদক পাঠকমানে গভীর ভাবে রেখাপাত করার জন্য লীড-এ এমন ভাষা ব্যবহার করেন যাতে পাঠকমানে একটা ধাক্কা লাগে, এ ধরনের লীডকে Punch Lead বা Blind Lead বলা হয়। এই ধরনের লীডে অনেক সময় মূল ঘটনাটিকে উপেক্ষা করে আবেগের উপর প্রাধান্য দেওয়া হয়।

(8) বুলেট লীড or Cartridge : অনেক সময় খুব বেশি গুরুত্বপূর্ণ সংবাদ যেমন— যুদ্ধ ঘোষণা বা তার অবসান কিংবা একজন প্রধানমন্ত্রী বা রাষ্ট্রপতির মৃত্যুর খবর পাঠকের কাছে তুলে ধরা হয়, যত দূর সম্ভব কম শব্দ ব্যবহারের মাধ্যমে। এই ধরনের লীডকে বলা হয় **Bullet Lead**.

(9) Crowded Lead : যখন কোনো লীডে অসংখ্য ঘটনাকে স্থান দিতে হয় তখন তাকে Crowded Lead বলে। একাধিক জনস্বার্থ সম্পর্কিত তথ্য একই প্রতিবেদনে উপস্থাপিত করতে হলে এই ধরনের লীড ব্যবহার করা হয়। এই ধরনের লীড যথাসম্ভব বর্জন করে চলা উচিত কারণ তা পাঠকের মনে দ্বিধা বা দ্বন্দ্বের কারণ হয়ে ওঠে।

(10) Contrast Lead : অনেক সময় কোনো একটা সংবাদ প্রতিবেদনের অগ্রগতি তুলে ধরবার জন্য ঘটনাটির পূর্ববর্তী এবং পরবর্তী অবস্থাকে বর্ণনা করা হয়। এই ধরনের লীডকে Contrast লীড বলা হয়।

(11) Shirrtail Lead : একাধিক ঘটনাকে একই প্রতিবেদনে সংক্ষেপিতভাবে প্রকাশ করতে গেলে পাঠকের মনে দ্বন্দ্ব সৃষ্টি হওয়ার সম্ভাবনা থাকে। এ কারণে Crowded লীড-এ কিছু অসঙ্গতি থেকে যায়। এই অসঙ্গতি দূর করার জন্য অনেক সময় লীডকে বিস্তৃত আকার দেওয়া হয়। অনেকগুলি বাক্যে বা অনেক সময় একাধিক অনুচ্ছেদে লীডটিকে ভাগ করে দেওয়া হয়। এই ধরনের লীডের ব্যবহার কাম্য না হলেও অনেক সময় একে এড়ানো যায় না। এ ধরনের ক্ষেত্রে উল্টানো পিরামিড তত্ত্বটি অনুসরণ করা হয়। অর্থাৎ ঘটনাবলীকে গুরুত্বের ক্রমানুসারে সাজানো হয়।

একটি সংবাদ প্রতিবেদনের সাফল্য অনেক অংশেই নির্ভর করে একটি সুবিন্যস্ত লীড নির্বাচনের ওপরে। একটি সাবলীল এবং তথ্য বহুল লীড পাঠককে সমগ্র সংবাদ প্রতিবেদনটি পাঠ করতে প্ররোচিত করে। একারণে একজন সাংবাদিককে লীড রচনা করার সময় অত্যন্ত যত্নশীল হতে হয়।